

রাজশাহী বিশ্ববিদ্যালয়ের হলে নিজ কক্ষে গাঁজা সেবন করেন তিনি

রাবি প্রতিনিধি

০২ অক্টোবর ২০২৩, ০৯:৪৭ পিএম



রাজশাহী বিশ্ববিদ্যালয়ের (রাবি) শহীদ হিবিবুর রহমান হলের এক আবাসিক ছাত্রের বিরুদ্ধে কক্ষেই গাঁজা সেবনের অভিযোগ উঠেছে। আজ সোমবার বিকেলে হল প্রশাসনের কাছে মৌখিক অভিযোগ করেন ওই কক্ষের অন্য ছাত্ররা। পরে হাউজ টিউটরদের কাছে গাঁজা সেবনের কথা স্বীকার করেছেন ওই ছাত্র।

অভিযুক্ত ছাত্রের নাম মো. ইউনুস। বিশ্ববিদ্যালয়ের নৃবিজ্ঞান বিভাগের ২০১৭-২০১৮ শিক্ষাবর্ষের ওই ছাত্র শহীদ হিবিবুর রহমান হলের ৩২৬ নম্বর কক্ষে থাকেন।

হল প্রশাসন সূত্রে জানা যায়, আজ হল প্রশাসনের কাছে ৩২৬ নম্বর কক্ষের ছাত্ররা জানান, তাদের রুমমেট ইউনুস গত ১০-১৫ দিন ধরে কক্ষে গাঁজা সেবন করছেন। পরে

চার সিটিবিশিষ্ট ওই কক্ষের সবাইকে দেকে নেন হলের দুজন হাউস টিউটর। সেখানে জিঞ্জাসাবাদের একপর্যায়ে হলের কক্ষে গাঁজা সেবনের কথা স্বীকার করেন ইউনুস।

এ বিষয়ে হলের প্রাধ্যক্ষ অধ্যাপক শরিফুল ইসলাম বলেন, ‘অভিযুক্ত ছেলেটি অভিযোগ স্বীকার করেছে। অভিযোগকারীদের লিখিত অভিযোগ দিতে বলেছি। শিগগির আমরা হল প্রশাসন মিটিং করে তার বিরুদ্ধে সিদ্ধান্ত নেব।’